সংবাদ

19 MAY 2017
পৃ ৫ ... ২

## বরিশাল বোর্ড এসএসসি

# ২৩ হাজার উত্তরপত্র পুনর্মূল্যায়নে আবেদন

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

চলতি বছরের এসএসসি পরীক্ষার উত্তরপত্র পুনর্মূল্যায়ন আবেদনে বরিশাল শিক্ষাবোর্ডে বিগত সকল বছরের রেকর্ড ভঙ্গ করেছে। এবার ৮ হাজার পরীক্ষার্থী তাদের প্রায় ২৩ হাজার উত্তরপত্র পুনর্মূল্যায়নের জন্য আবেদন করেছেন। গতবছর উত্তরপত্র পুনর্মূল্যায়নের আবেদন করা হয়েছিল ২২ হাজার।

বোর্ড সূত্রে জানা গেছে, এসএসসি পরীক্ষায় মোট ২৪টি বিষয়ের মধ্যে পুনর্মূল্যায়নে সবচেয়ে আবেদন পড়েছে অংক বিষয়ে। এ বিষয়ে মোট আবেদনকারী পরীক্ষার্থী হলেন ৪ হাজার ৬৮৬ জন। সবচেয়ে কম আবেদন পড়েছে খ্রিস্টান ধর্ম বিষয়ে মাত্র দুজন। অন্যান্য বিষয়ে আবেদনকারীর মধ্যে রয়েছে বাংলা প্রথমপত্রে ১ হাজার ৩৩০ জন, বাংলা ২য় পত্রে ১ হাজার ৩৮৬ জন, ইংরেজি প্রথমপত্রে ১ হাজার ১১৬ জন, ইংরেজী দ্বিতীয়পত্রে ১ হাজার ৩১৯ জন, ইসলাম শিক্ষায় ১ হাজার ৩১৭ জন, হিন্দুধর্মে ১৩৩ জন, ভুগোলে ৪৯২ জন, উচ্চতর গণিতে ২৬৫ জন, সাধারন বিজ্ঞানে ৫২৯ জন, কৃষিশিক্ষায় ৫২১ জন, পদার্থবিদ্যায় ১ হাজার ৮৭০ জন, জীববিজ্ঞানে ১ হাজার ১০৭ জন, রসায়নে ১ হাজার ৭০২ জন, পৌরনীতিতে ২৫০ জন, অর্থনীতিতে ৯৯ জন, ব্যাবসায় উদ্যেগে ৭৫৬ জন, হিসাববিজ্ঞানে ১৫৭জন, শারীরিক শিক্ষায় ১ হাজার ৫২৭ জন, বাংলাদেশ ও বিশ্বপরিচয়ে ১ হাজার ৫৮১জন, গার্হস্থ্য বিজ্ঞানে ৪২জন, ফিন্যান্স ও ব্যাংকিংয়ে ৬৯৬ জন এবং বাংলাদেশ ও বিশ্বসভ্যতা বিষয়ে ৭৫৩ জন।

বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মু. আনোয়ারুল আজিম জানান, উত্তরপত্র পুনঃমূল্যায়নের জন্য ১৬০ জন শিক্ষক তালিকাভুক্ত করা হয়েছে। আগামী ২৯ মে পুনর্মূল্যায়নের ফল প্রকাশ করা হবে।